

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৬৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নের অন্যান্য আদব

আরবী

وَعَنْ يَعِيشَ بنِ طِخْفَةَ الغِفَارِيِّ رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ : قَالَ أَبي : بَينَمَا أَنَا مُضْطَجِعٌ فِي الْمُسْجِدِ عَلَى بَطْنِي إِذَا رَجُلُّ يُحَرِّكُنِي بِرِجلِهِ فَقَالَ إِنَّ هَذِهِ ضِجْعَةٌ يُبْغِضُهُا اللهُ قَالَ : فَنظَرْتُ فَإِذَا رَسُوْلُ اللهِ عَلَيْ رواه أَبُو داود بإسنادٍ صحيح

বাংলা

(৩১৬৫) য়্যাঈশ ইবনে ত্বিখফাহ্ গিফারী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমার পিতা বলেন, একদা আমি মসজিদে উপুড় হয়ে শুয়ে ছিলাম, এমতাবস্থায় একটি লোক আমাকে পা দিয়ে নড়িয়ে বলল, এ ধরনের শোয়াকে আল্লাহ অপছন্দ করেন। তিনি বলেন, 'আমি তাকিয়ে দেখলাম তো তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন।'

ফুটনোট

(আবূ দাউদ ৫০৪২, সহীহ সনদ, আহমাদ ২/২৮৭, ইবনে হিব্বান, হাকেম ৪/২৭১, সহীহুল জামে' ২২৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন